Government of West Bengal
Directorate of Health Services,PH & CD Branch
Swasthya Bhawan (Wing-B, 1st Floor)
Block-GN, No.-29, Sector-V, Salt Lake, Kolkata-700 091

Memo. No. HPH/10P-03/2018 /291 Dated- 24/9/2021

To
All CMOHs
ARI/ILI cases are being reported in increased numbers from different parts of West Bengal since recent past. In order to control and manage such illness an Expert Committee has been formed and an SOP for case management along with a surveillance guideline & a daily report pro-forma has already been shared withyou. Now, to strengthen the process of involving the ANM/ MPHW(M)/ ASHA/ AWW/ HHW in the affected areas for early case identification, monitoring of home based management and subsequent referral (if necessary), a brief guideline is being sent herewith (see Annexure).
The guideline may be widely circulated among all Blocks and Municipalities.

24/9/21
Jt.DHS(PH & CD)
Govt of W.B.

Memo. No. HPH/10P-03/2018/291/1(8) Dated- 24/9/2021

Copy forwarded for information & necessary action please-

1.MD(NHM) Swasthya Bhawan,H & FW,Govt.of W.B.
2 D.H.S,Govt.of W.B, H & F.W.
3.AMD(II) NHM,Govt.of W.B, H & F.W.
4.S.F.W. Swasthya Bhawan
5.C.M.H.O-kolkata Municipal corporation.
6.D.A.D.H.S(Child Health),Swasthya Bhawan.
7.State Nodal Officer(NUHM), Swasthya Bhawan
8,Dy.CMOH-II---All District

24/9/21
Jt.DHS(PH & CD)
Govt. of W.B.

ANNEXURE

# শিশুদের ARI/ILI সংক্রান্ত নির্দেশিকা ঃ জনস্বাস্থ্যকর্মীদের জন্য

## ARI/ILI রোগের সাধারণ উপসর্গগুলি হল : -

১) তিন বা তার অধিক দিন ধরে জ্বর।

২) নাক দিয়ে জল পড়া, গলা ব্যাথা বা কাশি।

৩) সারা শরীরে ব্যথা।

৪) কিছু কিছু ক্ষেত্রে বমি ও পাতলা পায়খানা।

৫) দ্রুত শ্বাস নেওয়া বা শ্বাস-প্রশ্বাস নিতে কষ্ট হওয়া।

বিঃদ্রঃ- পরিবারের অন্য কোনও সদস্যেরও একই রকম উপসর্গ থাকতে পারে।

## গৃহ চিকিৎসা

১) বেশী পরিমাণে জল ও তরল খাবার খাওয়াতে হবে।

২) পাতলা পায়খানা হলে O.R.S. খাওয়াতে হবে।

৩) জ্বরের জন্য প্রয়োজনে প্যারাসিটামল দিতে হবে। ডোজ ১০-১৫ মিলিগ্রাম প্রতি কিলোগ্রাম প্রতিবার ; সর্বাধিক দিনে পাঁচবার এবং সর্বনিম্ন চারঘন্টার ব্যবধানে খাওয়াতে হবে।

৪) ওষুধে জ্বর না কমলে স্বাভাবিক জল দিয়ে গা মোছাতে এবং মাথা ধোওয়াতে হবে।

৫) নাক বন্ধ হয়ে গেলে লবণ জলের কৌটা ব্যবহার করা যেতে পারে।

৬) জ্বর, শ্বাস-এর হার, খাওয়ার পরিমাণ এবং প্রস্রাব-এর পরিমাণ এর উপর নজরদারি রাখতে হবে।

## বিপদ লক্ষণগুলি হল -

১) তিন থেকে পাঁচ দিনের ক্রমাগত জ্বর অথবা খুব জ্বর।

২) স্বাভাবিকের থেকে দ্রুত শ্বাস, অর্থাৎ -

| বয়স | শ্বাস-এর গতি |
|---|---|
| ০ - ২ মাস | শ্বাসের গতি মিনিটে ৬০ বারের বেশী |
| ২ মাস - ১ বছর | শ্বাসের গতি মিনিটে ৫০ বারের বেশী |
| ১ বছর - ৫ বছর | শ্বাসের গতি মিনিটে ৪০ বারের বেশী |
| ৫ বছরের বেশী বয়স | শ্বাসের গতি মিনিটে ৩০ বারের বেশী |

৩) শ্বাস নেওয়ার সাথে বুকের মাংসপেশী ভিতরের দিকে ঢুকে যাওয়া, নাকের পাটা ফুলে যাওয়া ইত্যাদি।

৪) শিশুর স্বাভাবিকের খাওয়ার পরিমাণ অর্দ্ধেকের কম হয়ে যাওয়া।

৫) দিনে পাঁচবারের কম প্রস্রাব হওয়া।

৬) সারাক্ষণ ঝিমুনি/বেহুঁশ ভাব। হঠাৎ খিঁচুনি হওয়া বা অজ্ঞান হয়ে যাওয়া।

**কোনওরকম বিপদলক্ষণ থাকলে অবিলম্বে শিশুকে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে/ হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দিন।**

বি: দ্রঃ - অপুষ্টি, ডায়াবেটিস, হার্ট/শ্বাস-প্রশ্বাস/কিডনির রোগ বা অন্য কোন গুরুতর অসুখে আক্রান্ত শিশুর যদি ARI/ILI- এর লক্ষণ দেখা দেয়, তাকে চিকিৎসকের পরামর্শ ছাড়া বাড়িতে রেখে দেবেন না।

<u>কী করবেন</u> :-

১) হাঁচি ও কাশির সময় নাক-মুখ যথাসম্ভব ঢেকে রাখতে হবে। নাক ও মুখ কনুই দিয়ে আড়াল করুন।

২) ঘন ঘন সাবান ও জল দিয়ে হাত ধুতে হবে। হাত ধোওয়ার সুযোগ না থাকলে স্যানিটাইজার ব্যবহার করুন।

৩) উপসর্গ আছে এমন ব্যক্তিকে পরিবারের অন্যান্য সদস্যদের থেকে আলাদা করে রাখুন।

৪) দুই বছরের নীচের শিশুর বিষয়ে বিশেষভাবে সতর্ক থাকুন। সে যেন কোনওভাবেই আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে না আসে।

৫) বেশী পরিমাণে জল ও তরল খাবার খাওয়াতে হবে।

<u>কী করবেন না</u> :-

১) চোখে, নাকে, মুখে অযথা হাত দেবেন না।

২) যেখানে সেখানে কফ্ বা থুতু ফেলবেন না।

৩) নিজে থেকে ওষুধ খাবেন না।

৪) ভিড় পরিবেশ বা স্থান যথাসম্ভব এড়িয়ে চলুন।

প: বঙ্গ রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে প্রকাশিত
কলকাতা, ২৪ সেপ্টেম্বর, ২০২১